

ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড পেল জিয়নবিডি



সিএমও এশিয়া অনুমোদিত ওয়ার্ল্ড ফেডারেশন অব মার্কেটিং প্রফেশনালসের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার 'ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড' অর্জন করল দেশের খ্যাতনামা ওয়েব হোস্টিং ও আইটি সেবাদাতা কোম্পানি জিয়নবিডি। মার্কেটিং এবং ব্র্যান্ডিংয়ে সেরা পারফরম্যান্স, নেতৃত্ব এবং রোলমডেল হিসেবে জিয়নবিডিকে এ অ্যাওয়ার্ড দেয়া হয়।

গত ২৩ সেপ্টেম্বর, রাজধানীর একটি হোটেলে আয়োজিত 'দ্য বাংলাদেশ বেস্ট মাস্টার ব্র্যান্ড অ্যাওয়ার্ড ২০১৮' অনুষ্ঠানে জিয়নবিডিকে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত থেকে অ্যাওয়ার্ডটি গ্রহণ করেন জিয়নবিডির প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মী এস এম নাজমুস

সাকিব। একক, দলগত বা প্রতিষ্ঠানগতভাবে ব্র্যান্ডিং এবং মার্কেটিংয়ে সেরাদের সম্মাননা জানানোর জন্য অনুষ্ঠানটি আয়োজন করা হয়। মর্যাদাপূর্ণ 'ব্র্যান্ড লিডারশিপ অ্যাওয়ার্ড' গ্রহণ করে জিয়নবিডির প্রতিষ্ঠাতা এবং প্রধান নির্বাহী কর্মী এস এম নাজমুস সাকিব বলেন, দীর্ঘ ১৩ বছরের বেশি সময় ধরে জিয়নবিডির প্রত্যেকের কঠিন পরিশ্রমের অর্জন এই পুরস্কার। দেশের আইটি খাতে জিয়নবিডির ধারাবাহিক উদ্ভাবনী প্রযুক্তি এবং সেবা পরিবেশনের স্বীকৃতি। পুরস্কার সবসময় আরো ভালো কাজের অনুপ্রেরণা দেয়। আমি বিশ্বাস করি এই স্বীকৃতি ভবিষ্যতে জিয়নবিডিকে দেশের তথ্যপ্রযুক্তি খাতে আরো অবদান রাখতে সাহায্য করবে।